

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৯৪

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রাণ্টা

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয় ও লেনদেনে সহনশীলতা

بَابُ الْمُسَاهَلَةِ فِي الْمُعَامَلَةِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «الْحلف منفقعة للسلعة ممحقة للبركة»

বাংলা

২৭৯৪-[৫] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ বেশি বেশি কসম খাওয়ায় মালের কাটতি হয়, কিন্তু বরকত দূর করে দেয়। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২০৮৭, মুসলিম ১৬০৬, আবূ দাউদ ৩৩৩৫, নাসায়ী ৪৪৬১, আহমাদ ৭২০৭, সহীহ আত্ তারগীব ১৭৯৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (الْحَلْفُ مُنْفَقَةٌ لِلسِّلْعَةِ) ''শপথ পণ্যের প্রচার ক্রত করে'' অর্থাৎ অধিক পরিমাণে শপথ পণ্যের প্রচার ক্রত ছড়িয়ে দেয়ার কারণ হয়। অথবা শপথকারী মনে করে যে, এতে পণ্য ক্রত প্রচলিত হবে।

(مَمْحَقَةٌ لِلْبَرَكَةِ) "বরকত দূরীভূত করার কারণ" অধিক পরিমাণে শপথ করার কারণে বরকত চলে যায়। (মিরকাতুল মাফাতীহ)

হাদীসের শিক্ষাঃ ক্রয়-বিক্রয়ে বেশী বেশী শপথ করা নিষেধ। প্রয়োজন ব্যতীত শপথ করা মাকরহ। (শারহে মুসলিম ১১/১২ খন্ড, হাঃ ১৬০৬)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন